



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি-১)

নগরীতে চসিকের প্যাচ ওয়ার্ক কার্যক্রম চলাকালে মেয়র

নাগরিক দুর্ভোগ লাঘবে সকলের সহযোগিতা কাম্য

চট্টগ্রাম-১২মার্চ -২০২১খ্রি:

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর দায়িত্ব গ্রহণের প্রথম ১০০ দিনের মধ্যে নগরীর জনগুরুত্বপূর্ণ সমস্যা সমূহের অগ্রাধিকার ভিত্তিতে নিরসন কল্পে চলমান প্যাচ ওয়ার্ক প্রোগ্রামের ধারাবাহিকতায় আজ শুক্রবার বিভিন্ন ওয়ার্ডে কার্যক্রম পরিচালিত হয়। এই কার্যক্রমে অংশ নেন চসিকের প্রকৌশল, পরিচ্ছন্ন, বিদ্যুৎ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও নিয়োজিত জনবল। ওয়াটস অ্যাপে সংযোগের মাধ্যমে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কাছ থেকে প্যাচ ওয়ার্ক কার্যক্রমের খোঁজ-খবর নেন এবং এলাকাবাসীর উদ্দেশ্যে বলেন, পরিচ্ছন্নতা, মশক নিধন ও বেহাল সড়ক মেরামত করে দুর্ভোগ লাঘবে সকলের সহযোগিতা কাজিফত সাফল্য এনে দেবে। সমস্যাগুলো অবগত হওয়া মাত্র তার সমাধান নিশ্চিত করা হবে। তিনি নগরবাসীকে নালা-নর্দমা-খালে আবর্জনা না ফেলতে, পানি চলাচলের পথ উন্মুক্ত রাখতে এবং নিজ উদ্যোগে বাসা-বাড়ি-প্রতিষ্ঠানের আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানিয়ে বলেন, এতে মশা প্রজননের প্রকোপ হ্রাস পাবে। আজ সারাদিন আরকান রোড, ওয়াসা মোড়, বন্দর ভবন ও কাস্টমস অফিস চত্বর, ধনিয়ালা পাড়া, পি সি রোড, হালিশহর বি ব্লক, লালখান বাজার এলাকা ও সিডিএ এ্যাভিনিউ বাগমনিরাম ওয়ার্ডের পল্টন রোড, উত্তর পাঠানটুলীর সুপারী পাড়া মোড়, শুলকবহরের মো: জামাল রোড, পশ্চিম ষোলশহর ওয়ার্ডে সুন্নিয়া মাদ্রাসা থেকে শ্যামলী আবাসিক বড়নালা, নাজির পাড়া রোডের বড় নালা, বায়েজিদ থানা সংলগ্ন মোহাম্মদ নগর আবাসিক এলাকা, পশ্চিক বাকলিয়া কিশানালায় বড় নালা, রাহাতারপুল সংলগ্ন তাজুরমার গলি বড় নালা, শিশু কবরস্থান সংলগ্ন বড় নালা এবং চাক্কাই খালের অংশ বিশেষ ও দক্ষিণ কাউলী ওয়ার্ডের মহেশখালের অংশ বিশেষ। আজ নগরীর বিভিন্ন ওয়ার্ডে চসিকের পরিচালিত প্যাচ ওয়ার্কসহ মশক নিধন কার্যক্রম তদারকী করেন প্রকৌশলী ফরহাদুল আলম, প্রকৌশলী আবু ছিদ্দিক, মীর্জা ফজলুল কাদের, প্রকৌশলী তৌহিদুল হাসান, ফরিদ আহমদ, পরিচ্ছন্ন কর্মকর্তা প্রণব শর্মা, হাসান রশিদ, ছৈয়দ আহমদ ছফা প্রমুখ। স্ব-স্ব ওয়ার্ডে প্যাচ ওয়ার্ক কার্যক্রম মনিটরিং করেন কাউন্সিলর বৃন্দ।

নিবেদক

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩